দৈ●ক বাংলা
দৈনিক বাংলা


তারিখ 30 OCT 1991
পৃষ্ঠা ৭ কলাম ৫


# রাজশাহীতে শ্রমজীবী শিশুদের বিদ্যালয় উদ্বোধন

।। সংবাদদাতা ।।

রাজশাহী, ২৭শে অক্টোবর।– স্থানীয় সরকারী খরবোনা প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে সমাজসেবা সংগঠন রাজশাহী কল্যাণ পরিষদের ২য় দুঃস্থ ও শ্রমজীবী শিশু বিদ্যালয়ের উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ভূমি প্রতিমন্ত্রী জনাব কবীর হোসেন।

ডাঃ এস এম এ মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন সাংবাদিক ফজলুল হক, এ্যাডভোকেট আব্দুর রাজ্জাক সরকার, এ্যাডভোকেট ইসা, আলম হোসেন ও সংগঠনের মহাসচিব এম রেজাউল করিম।